

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০০৩.১৪.০০১.২০১৬-(অংশ)-৭৭৯

তারিখঃ ০৩/০৭/২০১৭

বিষয় : 'শেখ হাসিনার বিশেষ উদ্যোগ'।


সূত্র : (১) এ বিভাগের স্মারক নং-৪৬.০৪৫.০০৩.১৪.০০১.২০১৬-(অংশ)-১১৪১; তারিখ : ১৬/১০/২০১৬।  
(২) এ বিভাগের স্মারক নং-৪৬.০৪৫.০০৩.১৪.০০১.২০১৬-(অংশ)-৭০২; তারিখ : ৩১/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তাবিত প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত নিম্নবর্ণিত শ্লোগান উপজেলা পরিষদের হতে প্রেরিত সকল দাপ্তরিক পত্রাদি ও টেন্ডার ডকুমেন্টসসহ যোগাযোগের সকল মাধ্যমে [আদালত ও বিভাগীয় মামলার ক্ষেত্র ব্যতীত] মনোপ্রার্থীর একটু নীচে ডান পার্শ্বে (এই স্মারকে ব্যবহৃত নমুনা মোতাবেক) ব্যবহারের বিষয়ে সূত্রোক্ত ২নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক উপজেলা পরিষদের কোন কোন কর্মকর্তা/প্রকৌশলী দরপত্র বিজ্ঞপ্তিসহ সকল পত্রের যোগাযোগের ক্ষেত্রে এ নির্দেশনা প্রতিপালন করছেন না। এ বিষয়ে গত ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়েছে যে, জুলাই, ২০১৭ হতে এ বিভাগের ব্রাডিং “উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র” দরপত্র বিজ্ঞপ্তিসহ সকল পত্র যোগাযোগের ক্ষেত্রে [আদালত ও বিভাগীয় মামলার ক্ষেত্র ব্যতীত] ব্যবহার না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রকৌশলীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তাবিত প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত বর্ণিত শ্লোগান উপজেলা পরিষদের হতে প্রেরিত সকল পত্র যোগাযোগের ক্ষেত্রে দরপত্র বিজ্ঞপ্তিসহ [আদালত ও বিভাগীয় মামলার ক্ষেত্র ব্যতীত] ব্যবহার না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রকৌশলীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(লুৎফুন নাহার) ০৩/০৭/২০১৭  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : lgd.upazila2@gmail.com

১. চেয়ারম্যান (সকল).....উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
৩. উপজেলা প্রকৌশলী (সকল).....।

অনুলিপি :

- ১.জেলা প্রশাসক (সকল).....।
- ২.সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩.প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।